

৭৪

ইংরেজী পাঠ্য বইয়ে শব্দ প্রয়োগ প্রসঙ্গে

আন্তর্জাতিক ভাষা হিসাবে ইংরেজীর গুরুত্ব অপরিসীম। আমাদের দেশের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে এই ভাষা বাধ্যতামূলক করা হইয়াছে। মাধ্যমিক স্তরের জন্য রচিত হইয়াছে 'ইংলিশ ফর টুডে বুক ফোর-সেভেন'। সহজ সরল ও বিজ্ঞান সম্মতভাবে বইগুলি রচিত হইলেও ইহাদের মধ্যে শব্দ প্রয়োগ ও বাক্য গঠনের ব্যাপারে কিছুটা সমস্যা রহিয়া গিয়াছে। বর্তমানে ইংরেজি ভাষা দুইভাবে বিভক্ত। আমেরিকান ও ব্রিটিশ। এই দুইটি আঙ্গিকের মধ্যে শব্দের বানান, উচ্চারণ ও শব্দ প্রয়োগের ক্ষেত্রে বেশ কিছুটা পার্থক্য রহিয়াছে, যেগুলি সম্পর্কে অনেকে অবগত নন। এই সম্পর্কে শিক্ষা প্রতিষ্ঠানেও আমাদের কোমলমতি ছাত্র-ছাত্রীদেরকে স্বচ্ছ ধারণা দিতে পারিতেছে না। এমনকি টেক্সট বুক বোর্ড কর্তৃক রচিত পাঠ্য বইগুলি হইতেও ছাত্র-ছাত্রীরা এই ব্যাপারে কোন ধারণাই পাইতেছে না। বরং বইগুলি গুরুত্বহীন দোষে দুষ্ট। আমেরিকান ও ব্রিটিশ উভয় আঙ্গিকমিশ্রিত হইয়া জগাখিচুড়ির মত হইয়া গিয়াছে, যাহা বাংলার সাধু ও চলিত ভাষার মিশ্রণের মত দৃশ্যগোচর। সুতরাং বইগুলিতে আমেরিকান ও ব্রিটিশ আঙ্গিকের ব্যবহার ভিন্ন ভিন্নভাবে দেখানো উচিত বলিয়া আমি মনে করি। অর্থাৎ কোন গল্প আমেরিকান ইংলিশ এবং কোন গল্প ব্রিটিশ ইংলিশে লিখিয়া ইহাদের পার্থক্য দেখাইয়া দিলে ছাত্র-ছাত্রীদের ইংরেজি ভাষা সম্পর্কে আর কোন সংশয় ও প্রশ্ন থাকিবে না। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মুহাম্মদ আব্দুল মান্নান ইয়াকুবী,
সিনিয়র ইংরেজি শিক্ষক,
এফসিএস ক্যাডেট কলেজ,
চট্টগ্রাম।